

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ অধিশাখা]
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.২৪০.২০১৭-৫৫

তারিখঃ ১৯ জুলাই ২০১৭
৪ শ্রাবণ ১৪২৪


বিষয়ঃ রীট পিটিশন নং-৬৩২৩/২০১৭ পিটিশনার জনাব ইকবাল আহমেদ তাপাদার পিং- ডঃ আব্দুল কাদির, গ্রামঃ আলমনগর, উপজেলাঃ জকিগঞ্জ, জেলাঃ সিলেট - বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৫.০৫.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৮.০৫.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জকিগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব ইকবাল আহমেদ তাপাদারকে সরকার কর্তৃক স্বীয় পদ থেকে অপসারণ করা হলে তিনি উক্ত অপসারণ আদেশকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৫(পাঁচ) জনকে প্রতিপক্ষ করে বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে এই রীটটি দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানী অন্তঃ তর্কিত প্রজ্ঞাপনের উপর আদেশের তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য স্থগিতাদেশ দিয়েছেন এবং রুল ইস্যু করতঃ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসংগিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।


১৯.৭.১৭
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
সিলেট।

অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/মাস্টার কপি।